Maahanmuuttovirasto
Migrationsverket
Finnish Immigration Service

Euroopan unionin osarahoittama

# দায়িত্ব নির্ধারণের বিষয়ে ব্যক্তিগত সাক্ষাৎকার

**আপনাকে অভিবাসন দপ্তরের একটি সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। এই নির্দেশিকাটি মনোযোগ সহকারে পড়ুন, যা সাক্ষাৎকারে আপনার অধিকার ও কর্তব্য সম্পর্কে তথ্য প্রদান করে। এই নির্দেশিকা নিয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে, সাক্ষাৎকার শুরুর সময় আপনি অভিবাসন দপ্তরের কর্মীকে তা জিজ্ঞাসা করতে পারেন।**

## দায়িত্ব নির্ধারণের বিষয়ে ব্যক্তিগত সাক্ষাৎকার কী?



- আপনি ফিনল্যান্ডে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেছেন। আপনার আবেদনের পর্যালোচনার দায়িত্ব কোন দেশের, তা নিশ্চিত না করা পর্যন্ত অভিবাসন দপ্তর আপনার আবেদনটি বিস্তারিতভাবে প্রক্রিয়া করবে না।
- এই সাক্ষাৎকারে সেই বিষয়গুলো খতিয়ে দেখা হবে, যা আপনার আবেদনটি ফিনল্যান্ডে প্রক্রিয়া করা হবে কি না তা নির্ধারণে প্রভাব ফেলে। এই সাক্ষাৎকারে আপনার রাজনৈতিক আশ্রয়ের মূল কারণগুলো পরীক্ষা করা হবে না।
- আপনার আবেদনটি কোন দেশে প্রক্রিয়া করা হবে, তা ইউরোপীয় ইউনিয়নের আইনের অন্তর্ভুক্ত 'ব্যাবস্থাপনা বিধিমালা সংক্রান্ত প্রক্রিয়ার ভিত্তিতে নির্ধারিত হয়।
- কোন দেশ আপনার আবেদনের জন্য দায়ী, তা সাক্ষাৎকারে আপনার সাথে আলোচনা করে নির্ধারণ করা হবে। তবে আপনার জমা দেওয়া অন্যান্য নথিপত্র এবং বিভিন্ন রেজিস্ট্রি অনুসন্ধানের ফলাফলও এই ক্ষেত্রে ভূমিকা রাখবে।
- এই ব্যাবস্থাপনা বিধিমালা প্রয়োগকারী দেশগুলো হলো ইউরোপীয় ইউনিয়নের সমস্ত দেশ এবং নরওয়ে, সুইজারল্যান্ড, আইসল্যান্ড ও লিশটেনস্টাইন।
- যদি ফিনল্যান্ডে আপনার পরিবারের কোনো সদস্য থাকে, তবে আপনি পারিবারিক সম্পর্কের ভিত্তিতে বসবাসের অনুমতির জন্য আবেদন করতে পারেন। এর জন্য আপনাকে আলাদাভাবে একটি নির্দিষ্ট ফি দিয়ে বসবাসের অনুমতির আবেদন করতে হবে।

## সাক্ষাৎকারটি কোথায়, কখন এবং কীভাবে আয়োজন করা হবে?

- আপনি এই নির্দেশিকার সাথে সাক্ষাৎকারের একটি আমন্ত্রণপত্র পেয়েছেন। সেখানে আপনার সাক্ষাৎকারটি কোথায়, কখন এবং কীভাবে আয়োজন করা হবে তা উল্লেখ করা হয়েছে।
- সাক্ষাৎকারটি রেকর্ড (অডিও রেকর্ড) করা হবে এবং আপনি চাইলে এই রেকর্ডিংটির একটি কপি নিজের জন্য অনুরোধ করতে পারেন।
- সাক্ষাৎকার কক্ষে অতিরিক্ত হিসেবে একটি ভিডিও ধারণকারী নজরদারি ক্যামেরাও থাকতে পারে।
- সাক্ষাৎকারটির একটি লিখিত সারসংক্ষেপ তৈরি করা হবে।

- সাক্ষাৎকারে আপনি যা কিছু বলবেন, তার সবকিছুই অত্যন্ত গোপনীয় রাখা হবে। আপনার বলা বিষয়গুলো বাইরের কাউকে জানানো হবে না; কেবল মামলার প্রক্রিয়াকরণের সাথে জড়িত সেইসব প্রাসঙ্গিক কর্তৃপক্ষকে জানানো হবে, যাদের আইনগতভাবে তথ্য পাওয়ার অধিকার রয়েছে।

- আপনার সাক্ষাৎকারটি যদি ভিডিও লিঙ্কের (অনলাইন) মাধ্যমে নেওয়া হয়, তবে তা আমন্ত্রণপত্রে উল্লেখ থাকবে। ভিডিও লিঙ্কের মাধ্যমে আয়োজিত সাক্ষাৎকার বা মিটিং সম্পর্কে বিস্তারিত তথ্য আপনি অভিবাসন দপ্তরের ওয়েবসাইট **migri.fi/turvapaikanhakijan-asiointi** এ পাবেন।

- যৌক্তিক কারণ ছাড়া আপনি সাক্ষাৎকারের সময় বা তারিখ পরিবর্তন করতে পারবেন না। যদি আপনি সাক্ষাৎকারের দিনে অসুস্থ হয়ে পড়েন, তবে বিষয়টি অবিলম্বে আপনার রিসেপশন সেন্টারকে জানান। আপনাকে অবশ্যই একটি যৌক্তিক কারণ দর্শাতে হবে অথবা রিসেপশন সেন্টারের নার্স বা ডাক্তারের দেওয়া অসুস্থতার মেডিকেল সার্টিফিকেট যত দ্রুত সম্ভব এবং সাক্ষাৎকারের দিন থেকে অনধিক ১ সপ্তাহের মধ্যে অভিবাসন দপ্তরে জমা দিতে হবে। যদি আপনি কোনো যৌক্তিক কারণ ছাড়া সাক্ষাৎকারে অনুপস্থিত থাকেন, তবে সাক্ষাৎকার ছাড়াই আপনার আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

## সাক্ষাৎকারে কারা উপস্থিত থাকবেন?

সাক্ষাৎকারে কেবল আমন্ত্রিত ব্যক্তি এবং অভিবাসন দপ্তরের সাথে আগে থেকে সম্মত হওয়া ব্যক্তিরাই উপস্থিত থাকতে পারবেন। সাক্ষাৎকারে উপস্থিত থাকবেন অভিবাসন দপ্তরের একজন কর্মী (অর্থাৎ সাক্ষাৎকার গ্রহণকারী) এবং পরিস্থিতির ওপর ভিত্তি করে একজন দোভাষী, আইনি সহায়তাকারী, প্রতিনিধি অথবা একজন সহায়ক ব্যক্তি যদি আপনি সাক্ষাৎকারে একজন সহায়ক ব্যক্তির জন্য অনুরোধ করে থাকেন এবং তিনি অভিবাসন দপ্তর থেকে অংশগ্রহণের অনুমতি পেয়ে থাকেন। তাঁদের ভূমিকা সম্পর্কে আরও বিস্তারিত জানতে অভিবাসন দপ্তরের ওয়েবসাইট **migri.fi/turvapaikanhakijan-asiointi** দেখুন।

## সাক্ষাৎকারে আমার কী কী অধিকার রয়েছে ?

- সাক্ষাৎকারে আপনার একজন আইনি সাহায্যকারী বা আইনজীবী রাখার অধিকার রয়েছে। আইনি সাহায্যকারী তাঁর নিজস্ব বিবেচনার ভিত্তিতে সাক্ষাৎকারে অংশ নেবেন।

- আপনি যদি একজন প্রাপ্তবয়স্ক আশ্রয়প্রার্থী হন, তবে আপনাকে নিজেই আইনি সাহায্যকারী বা আইনজীবীর ব্যবস্থা করতে হবে। সাক্ষাৎকারের জন্য আপনি যদি কোনো আইনি সাহায্যকারী বা আইনজীবীর ব্যবস্থা না করেন, তবে আমরা আইনি সাহায্যকারী ছাড়াই সাক্ষাৎকারটি গ্রহণ করব।

- আপনি যদি একজন অভিভাবকহীন অপ্রাপ্তবয়স্ক হন, তবে সাক্ষাৎকারে আপনার আইনি প্রতিনিধি সবসময় উপস্থিত থাকবেন। আপনার প্রতিনিধি প্রয়োজনে সাক্ষাৎকারের জন্য আইনি সাহায্যকারী বা আইনজীবীর ব্যবস্থা করবেন। আপনার যদি কোনো প্রতিনিধি না থাকে, তবে ফিনল্যান্ডে থাকা আপনার অভিভাবক সাক্ষাৎকারে উপস্থিত থাকবেন।

- সাক্ষাৎকারে একজন দোভাষী (ইন্টারপ্রেটার) উপস্থিত থাকবেন। দোভাষীর কাজ হলো সাক্ষাৎকারে যা কিছু বলা হবে, তার সবকিছু নিরপেক্ষভাবে অনুবাদ করা। দোভাষী সরাসরি সেখানে উপস্থিত থাকতে পারেন অথবা তিনি টেলিফোন বা ভিডিওর মাধ্যমেও অনুবাদ করতে পারেন।

- দোভাষী বা সাক্ষাৎকার গ্রহণকারী নারী নাকি পুরুষ হবেন এই বিষয়ে যদি আপনার কোনো যৌক্তিক বা বিশেষ পছন্দ থাকে, তবে সাক্ষাৎকারের বেশ কিছুদিন আগেই আপনার অভ্যর্থনা কেন্দ্রের (রিসেপশন সেন্টার) কর্মীকে তা জানান। অভ্যর্থনা কেন্দ্র আপনার এই অনুরোধটি ফিনল্যান্ডের অভিবাসন দপ্তরে (মিগ্রি) পাঠিয়ে দেবে। অভিবাসন দপ্তর মূল্যায়ন করে দেখবে যে কারণটি যৌক্তিক কি না। আপনি যদি ডিটেনশন সেন্টার (আটক কেন্দ্র) বা অন্য কোনো প্রতিষ্ঠানে থাকেন, তবে আপনার থাকার জায়গার দায়িত্বরত কর্মীকে বিষয়টি জানান। আর আপনি যদি অভিভাবকহীন অপ্রাপ্তবয়স্ক হয়ে থাকেন, তবে আপনার প্রতিনিধির সাহায্য নিন।

- সাক্ষাৎকার গ্রহণকারী এবং সাক্ষাৎকারে উপস্থিত অন্যান্য সমস্ত ব্যক্তির গোপনীয়তা রক্ষার আইনি বাধ্যবাধকতা রয়েছে, অর্থাৎ সাক্ষাৎকারে শোনা কোনো তথ্যই তাঁরা বাইরের কোনো ব্যক্তির কাছে প্রকাশ করতে পারবেন না। তবে সাক্ষাৎকারে আপনি যে তথ্যগুলো দেবেন, তা আপনার পরিবারের কোনো সদস্যের আবেদন প্রক্রিয়াকরণের ওপর প্রভাব ফেলতে পারে। এই ধরনের ক্ষেত্রে আমরা আপনার পরিবারের সদস্যের আবেদনের ব্যাপারে সেই তথ্যগুলো বিবেচনা করব। তবে, আপনার দেওয়া তথ্যগুলো প্রকাশ করার ফলে যদি আপনার বা আপনার কোনো নিকটাত্মীয়ের বিপদ বা ক্ষতি হওয়ার আশঙ্কা থাকে, তবে আমরা আপনার পরিবারের সদস্যের কাছ থেকে সেই তথ্যগুলো গোপন রাখতে পারি। এই বিষয়ে আপনি সাক্ষাৎকারে আপনার নিজস্ব মতামত জানাতে পারবেন।

- আপনাকে সম্পর্কিত সমস্ত নথিপত্র বা কাগজপত্র সাধারণত গোপনীয় হিসেবে রাখা হয়।

- আপনি যদি একজন অভিভাবকহীন অপ্রাপ্তবয়স্ক হন, তবে অভিবাসন দপ্তর আপনার পিতামাতা বা অন্য কোনো প্রকৃত অভিভাবকের সন্ধান বা খোঁজ করতে পারে। প্রকৃত অভিভাবক বলতে এমন ব্যক্তিকে বোঝায়, যিনি আপনার নিজ দেশে আপনার দেখাশোনা বা যত্ন করেছেন। খোঁজার কাজের জন্য কেবল সেই তথ্যগুলোই ব্যবহার করা হবে, যা এই অনুসন্ধানের জন্য অত্যন্ত জরুরি। অভিবাসন দপ্তর এই অনুসন্ধানের কাজটি এমনভাবে করবে যাতে আপনার বা আপনার নিকটাত্মীয়দের কোনো ক্ষতি বা অসুবিধা না হয়।

## সাক্ষাৎকারে আমার কী কী দায়িত্ব রয়েছে?

- আবেদনটি বিবেচনার জন্য কোন সদস্য রাষ্ট্র দায়ী, তা নির্ধারণ করার ক্ষেত্রে প্রাসঙ্গিক এবং আপনার কাছে থাকা সমস্ত তথ্য সাক্ষাৎকারে পেশ করতে হবে। সাক্ষাৎকার গ্রহণকারী আপনাকে বিভিন্ন প্রশ্ন জিজ্ঞেস করবেন এবং সেগুলোর উত্তর দেওয়া আপনার দায়িত্ব।
- আপনার আবেদনের ওপর প্রভাব ফেলে এমন সমস্ত বিষয় সাক্ষাৎকারে সত্য ও সততার সাথে তুলে ধরা আপনার নিজের স্বার্থের জন্যই মঙ্গলজনক।
- যদি আপনি কোনো যৌক্তিক কারণ ছাড়া প্রশ্নের উত্তর দিতে অস্বীকৃতি জানান এবং যার ফলে বিষয়টির ওপর পর্যাপ্ত তথ্য সংগ্রহ করা সম্ভব না হয়, তবুও দায়িত্ব নির্ধারণের প্রক্রিয়াটি চালু করা হতে পারে এবং আপনাকে দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রে স্থানান্তরের সিদ্ধান্ত নেওয়া হতে পারে।
- সাক্ষাৎকার গ্রহণকারী সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ বিষয়গুলো স্পষ্ট করতে আপনাকে সাহায্য ও নির্দেশনা দেবেন। এর মধ্যে সম্ভাব্য সংবেদনশীল এবং কঠিন বিষয়গুলোও অন্তর্ভুক্ত রয়েছে। এই কঠিন বিষয়গুলো সম্পর্কে অকপটে বলা আপনার নিজের স্বার্থের জন্যই ভালো, কারণ আপনার আবেদনের ক্ষেত্রে এগুলো চূড়ান্ত বা নিষ্পত্তিমূলক ভূমিকা রাখতে পারে।
    - কিছু বিষয়ে কথা বলতে যদি আপনার কষ্ট বা দ্বিধা হয়, তবে আপনি সেটি সাক্ষাৎকার গ্রহণকারীকে জানাতে পারেন। তবে আপনার আবেদনের সাথে সম্পর্কিত সমস্ত বিষয় স্পষ্টভাবে জানানো অত্যন্ত জরুরি।

- সাক্ষাৎকারে আপনার ব্যক্তিগত তথ্যগুলো যাচাই করা হবে। এই তথ্যগুলো মূলত আপনার নথিপত্রের ওপর ভিত্তি করে যাচাই করা হয়। সাক্ষাৎকারের পর যদি আপনি আপনার ব্যক্তিগত তথ্যে কোনো পরিবর্তন করতে চান, তবে তার জন্য পাসপোর্ট বা অন্য কোনো সরকারি পরিচয়পত্রের প্রয়োজন হবে।
- অভিবাসন দপ্তর আপনার ব্যক্তিগত তথ্য এবং আবেদনের কারণসমূহ বিদেশীদের তথ্য প্রক্রিয়াকরণ সিস্টেমে সংরক্ষণ করবে, যা একটি সরকারি রেজিস্টার।
- কর্তৃপক্ষকে ভুল ব্যক্তিগত তথ্য দেওয়া অথবা সরকারি রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য কোনো মিথ্যা তথ্য প্রদান করা একটি দণ্ডনীয় অপরাধ। ফিনল্যান্ডে ১৫ বছর বা তার বেশি বয়সী যেকোনো ব্যক্তি এই অপরাধের জন্য আইনত দায়ী থাকবেন।

## আমি কীভাবে সাক্ষাৎকারের জন্য প্রস্তুতি নিতে পারি?

- সাক্ষাৎকারের আগে কর্তৃপক্ষের কাছ থেকে পাওয়া সমস্ত নির্দেশিকা ও তথ্যপুস্তিকা ভালো করে দেখে নিন।
- সাক্ষাৎকারে সময়মতো পৌঁছানো নিশ্চিত করুন। আপনি কীভাবে সেখানে পৌঁছাবেন সেই বিষয়ে আশ্রয় কেন্দ্র থেকে (রিসেপশন সেন্টার) নির্দেশনা পাবেন। আপনি যদি অভিভাবকহীন কোনো শিশু হন, তবে রিসেপশন সেন্টার আপনাকে সাক্ষাৎকারের স্থানে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করবে।
- সাক্ষাৎকারের সময় আপনি যেকোনো মুহূর্তে বিরতি চাইতে পারেন। আপনার সাথে কিছু হালকা খাবার বা দুপুরের খাবারের জন্য টাকা এবং সারাদিনে প্রয়োজন হতে পারে এমন কোনো জরুরি ওষুধ থাকলে তা সাথে নিয়ে যান।
- সাক্ষাৎকারে বাচ্চাদের সাথে আনা যাবে না, যদি না তাদেরকেও বিশেষভাবে ডাকা হয়ে থাকে। সাক্ষাৎকারের সময় যদি আপনার বাচ্চার জন্য কোনো কেয়ারটেকার বা দেখাশোনা করার মানুষের প্রয়োজন হয়, তবে বিষয়টি আগেভাগেই আপনার রিসেপশন সেন্টারকে জানান।
- শারীরিক বা স্বাস্থ্যগত কারণে সাক্ষাৎকারের জন্য আপনার যদি কোনো বিশেষ চাহিদার প্রয়োজন হয়, তবে তা অবিলম্বে রিসেপশন সেন্টারকে জানান। উদাহরণস্বরূপ, কোনো প্রতিবন্ধকতা বা স্বাস্থ্যগত সমস্যার কারণে আপনি বিশেষ সহায়তার অনুরোধ করতে পারেন, অথবা আপনি যদি মানব পাচারের শিকার হয়ে থাকেন তবে সহায়তার আবেদন করতে পারেন। আপনি যদি একজন অভিভাবকহীন অপ্রাপ্তবয়স্ক হন, তবে আপনার প্রতিনিধির কাছে সাহায্য চান। আপনি যদি কোনো ডিটেনশন সেন্টার বা অন্য কোনো প্রতিষ্ঠানে থাকেন, তবে আপনার আবাসন কেন্দ্রের কর্মীকে বিষয়টি জানান। সাক্ষাৎকারের আগে রিসেপশন সেন্টার, প্রতিনিধি বা ডিটেনশন সেন্টার আপনার এই বিশেষ চাহিদার বিষয়ে অভিবাসন দপ্তরের সাথে যোগাযোগ করতে পারে।
- আপনার নিয়ন্ত্রণ বহির্ভূত কোনো স্থায়ী বিষয়ের কারণে আপনি যদি সাক্ষাৎকারে অংশ নিতে অসমর্থ হন এবং অভিবাসন দপ্তর যদি তা বিবেচনা করে, তবে সাক্ষাৎকারের আয়োজন করা হবে না। এই পরিস্থিতিতেও আপনার কাছে অভিবাসন দপ্তরে লিখিতভাবে অতিরিক্ত তথ্য জমা দেওয়ার সুযোগ থাকবে।

## সাক্ষাৎকারে কী ঘটে?

- শুরুতেই সাক্ষাৎকার গ্রহণকারী আপনাকে জানাবেন যে এই সাক্ষাৎকারে কী কী করা হবে। সাক্ষাৎকার গ্রহণকারী নিশ্চিত করবেন যে আপনি এই নির্দেশিকায় তালিকাভুক্ত আপনার অধিকার ও দায়িত্বগুলো বুঝতে পেরেছেন কিনা। প্রয়োজন হলে তিনি আপনাকে আপনার অধিকার ও দায়িত্বগুলো বুঝিয়ে বলবেন। কোনো কিছু বুঝতে না পারলে অবশ্যই প্রশ্ন করুন।
- সাক্ষাৎকার গ্রহণকারী জিজ্ঞেস করবেন যে আপনি এবং দোভাষী একে অপরের ভাষা বুঝতে পারছেন কিনা। দোভাষীর কথা বুঝতে সমস্যা হলে তা সরাসরি জানান।
- সাক্ষাৎকার গ্রহণকারী আপনার স্বাস্থ্যের অবস্হার কোনো পরিবর্তন হয়েছে কিনা তা যাচাই করবেন। এরপর তিনি আপনার ব্যক্তিগত তথ্যগুলো খতিয়ে দেখবেন এবং আপনার পটভূমি সম্পর্কিত কিছু তথ্য জানতে চাইতে পারেন।
- সাক্ষাৎকার গ্রহণকারীর দেওয়া প্রতিটি নির্দেশ মনোযোগ সহকারে শুনুন।

- সাক্ষাৎকার গ্রহণকারী আপনার কাছে নিম্নলিখিত তথ্যগুলো জানতে চাইবেন:
    - আপনার ব্যক্তিগত পরিচিতি সংক্রান্ত তথ্য
    - আপনার পরিবার এবং আত্মীয়-স্বজন সম্পর্কিত তথ্য
    - বসবাসের অনুমতি, ভিসা, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অন্য কোনো দেশে আশ্রয়ের আবেদন সংক্রান্ত তথ্য
    - ফিনল্যান্ডে আসার আগে ইউরোপের অন্যান্য সদস্য রাষ্ট্রে প্রবেশ এবং সেখানে অবস্থানের বিবরণ
    - অন্য কোনো দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রে আপনাকে কেন স্থানান্তর করা উচিত নয়, তার কারণসমূহ
    - মূলত অন্য কোনো দেশ আপনার আবেদনটি প্রক্রিয়া করার জন্য দায়ী হওয়া সত্ত্বেও, কেন আপনার আবেদনটি ফিনল্যান্ডেই বিবেচনা করা উচিত, তার কারণসমূহ
    - দেশ ত্যাগ এবং প্রবেশ নিষেধাজ্ঞা সংক্রান্ত বিষয়ে আপনার মতামত বা দৃষ্টিভঙ্গি
- সাক্ষাৎকারে উপস্থিত অন্য কোনো ব্যক্তি, যেমন আপনার প্রতিনিধি বা আইনি সহায়তাকারী, আপনার পক্ষে প্রশ্নের উত্তর দিতে পারবেন না। তবে তারা সাক্ষাৎকারের সময় আপনাকে পরামর্শ দিতে পারেন এবং আপনার পূর্বের উল্লেখ করা গুরুত্বপূর্ণ বিষয়গুলো মনে করিয়ে দিতে পারেন।
- প্রশ্নগুলোর সৎ ও সত্য উত্তর দিন। কোনো উত্তর বানিয়ে বলবেন না। কোনো তথ্য আপনার জানা না থাকলে বা মনে না থাকলে তা স্পষ্ট করে বলুন।
- সাক্ষাৎকারের সময়কাল ভিন্ন ভিন্ন হতে পারে। সাক্ষাৎকারের চলাকালীন আপনি ক্লান্ত বোধ করলে সাক্ষাৎকার গ্রহণকারীর কাছে বিরতি চেয়ে নিন।
- সাক্ষাৎকারটির একটি লিখিত সারসংক্ষেপ তৈরি করা হবে। সাক্ষাৎকার শেষে আপনি এই সারসংক্ষেপের ওপর আপনার মন্তব্য পেশ করতে পারবেন এবং সেখানে কোনো ভুল বা ভুল বোঝাবুঝি থাকলে তা সংশোধন করতে পারবেন। যদি সময় পর্যাপ্ত না হয়, তবে মন্তব্য বা সংশোধনী জমা দেওয়ার জন্য আপনাকে একটি নির্দিষ্ট সময়সীমা দেওয়া হতে পারে। সারসংক্ষেপটি কীভাবে যাচাই করা হবে, তা সাক্ষাৎকার গ্রহণকারী আপনাকে সাক্ষাৎকারের সময় বুঝিয়ে বলবেন।

# সাক্ষাৎকারের পর কী ঘটে?

- আপনি যদি পরবর্তীতে কোনো অতিরিক্ত তথ্য বা স্পষ্টীকরণ জমা দিতে চান, তবে তা লিখিতভাবে করুন। আমরা ফোনে আপনার বিষয়টি নিয়ে আলোচনা করব না, কারণ ফোনের মাধ্যমে কলারের (ফোনকারীর) পরিচয় নিশ্চিত করা আমাদের পক্ষে সম্ভব নয়।

- আপনার মামলার সিদ্ধান্তটি সাক্ষাৎকারে আপনার দেওয়া তথ্য এবং আপনার মামলার সাথে উপস্থাপিত অন্যান্য নথিপত্রের ওপর ভিত্তি করে নেওয়া হবে।

- আপনাকে যদি অন্য কোনো দেশে স্থানান্তর করার সিদ্ধান্ত নেওয়া হয়, তবে আপনি সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতে আপিল করতে পারেন। আদালত আপনার আপিলটি নিষ্পত্তি না করা পর্যন্ত আপনি ফিনল্যান্ডে থাকার জন্য আদালতের কাছে অনুরোধও করতে পারেন।

- আপনার আবেদনটি প্রক্রিয়াকরণ বা বিবেচনা করার দায়িত্ব যদি ফিনল্যান্ডের না হয়, তবে আপনাকে আবেদন প্রক্রিয়াকরণের দায়িত্বে থাকা রাষ্ট্রে স্থানান্তর করা হতে পারে এবং ফিনল্যান্ডে প্রবেশের ক্ষেত্রে আপনার ওপর নিষেধাজ্ঞা জারি করা হতে পারে।

- আশ্রয় প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে আপনার নিজ দেশে সহায়তাপ্রাপ্ত স্বেচ্ছামূলক প্রত্যাবর্তনের জন্য আবেদন করার সুযোগ রয়েছে। যদি আপনার আবেদনের ওপর স্থানান্তরের সিদ্ধান্ত নেওয়া হয় (যার অর্থ এটি ফিনল্যান্ডে খতিয়ে দেখা হবে না), অথবা আপনি যদি আপনার আশ্রয়ের আবেদন প্রত্যাহার করে নেন, তবে আপনার স্বেচ্ছায় ফিরে যাওয়ার সহায়তার জন্য আবেদন করার অধিকার রয়েছে। এই সহায়তা পাওয়ার জন্য নির্দিষ্ট কিছু শর্ত রয়েছে এবং আপনি যখন আবেদন করবেন তখন সেগুলো যাচাই করা হবে। এই বিষয়ে পরামর্শের জন্য আপনার নিজস্ব রিসেপশন সেন্টারে জিজ্ঞাসা করুন অথবা অভিবাসন দপ্তরের প্রত্যাবর্তন সংক্রান্ত পরামর্শের ওয়েবসাইট থেকে বিস্তারিত তথ্য ও যোগাযোগের ঠিকানা দেখুন:

**migri.fi/paluu** অথবা **voluntaryreturn.fi/etusivu**